

# পশ্চিমবঙ্গ আদিবাসী উন্নয়ন সমবায় নিগম লিমিটেড

সিধু কানু ভবন • কে বি - ১৮, সেক্টর-৩ • বিধাননগর • কলকাতা-৭০০০৯৮

নতুন ল্যাম্পস রেজিস্ট্রেশন করার জন্য কিভাবে আবেদনপত্র  
তৈরী করতে হবে এ সম্পর্কে সংক্ষিপ্ত নির্দেশিকা।

আবেদনপত্র তৈরী করার জন্য প্রথমেই নিম্নলিখিত বই এবং ফরম সংগ্রহ করতে হবে নিম্নবর্ণিত অফিস থেকে -

১) মডেল উপবিধি (মডেল বাই-ল)	- ২ কপি	পশ্চিমবঙ্গ আদিবাসী উন্নয়ন সমবায় নিগম লিঃ-এর সদর/জেলা কার্যালয় থেকে।
২) প্রস্তাবিত ল্যাম্পস-এর সভ্যদের তালিকা প্রস্তুত করার জন্য বড় ফরম (Form for preparation of list of members of the proposed LAMPS)	- ২ কপি	- ঐ -

একটি নতুন ল্যাম্পস গঠন করার জন্য অন্ত্যন ৫০০ জন যোগ্য আদিবাসী সদস্য (পাহাড়ী এলাকার জন্য এই সংখ্যা ৩০০) বাছাই করতে হবে। একটি পরিবার থেকে ১ (এক) জনের বেশী সদস্য নেওয়া যাবেনা। তারপর উপরে ২ নং ক্রমিক সংখ্যায় বর্ণিত বড় ফরমে তাঁদের নাম, পিতা/স্বামীর নাম, ঠিকানা, বয়স ইত্যাদি পূরণ করে ক্রমিক নং অনুযায়ী ঐ ফরমের শেষ কলমে তাঁদের স্বাক্ষর অথবা টিপসই করাতে হবে। ঐ প্রস্তাবিত ল্যাম্পস-এর সভ্যপদের এবং কার্যকরী এলাকা একাধিক আই.টি.ডি.পি. মৌজা / সাধারণ মৌজা বা উভয় ধরণের মৌজা নিয়ে গঠিত হতে পারে।

উপবিধি বা বাই-ল পূরণ করে ঐ বইয়ের শেষ পৃষ্ঠায় ২ নং ফরমে উল্লেখিত ক্রমিক সংখ্যা অনুযায়ী স্বাক্ষর অথবা টিপসহি করাতে হবে এবং ‘নিবন্ধক’ (এখানে ‘নিবন্ধক’ বলতে পশ্চিমবঙ্গ আদিবাসী উন্নয়ন সমবায় নিগম-এর পরিচালন অধিকর্তা তথা পদাধিকার বলে পশ্চিমবঙ্গ সমবায় সমিতি সমূহের অতিরিক্ত নিবন্ধককে বোঝানো হয়েছে) / আঞ্চলিক ব্যবস্থাপক / শাখা ব্যবস্থাপক-কে এই মর্মে একটি শংসাপত্র দিতে হবে যে ১ নং ক্রমিক থেকে ৩০০ / ৫০০ নং বা তদুর্দশ ক্রমিক পর্যন্ত স্বাক্ষরকারীগণ তাঁর চেনা এবং তাঁরা তাঁর সামনে স্বাক্ষর অথবা টিপসই করেছেন। এই কাজটি করার জন্য তিনি স্থানীয় প্রধানের সাহায্য নিতে পারেন।

আবেদনপত্র এবং বাই-ল-তে স্বাক্ষর অথবা টিপসই করা সদস্যগণ (অন্ত্যন ৩০০/৫০০ জন) তাঁদের মধ্য থেকে একজনকে প্রোমোটার/অর্গানাইজার ঠিক করবেন। এই প্রোমোটার/অর্গানাইজার নতুন প্রস্তাবিত ল্যাম্পসটি গঠন করার জন্য উদ্যোগী হয়ে একটি সভা আহ্বান করবেন (কনভেনেন্স হিসাবে) এবং ঐ সভার তারিখ, স্থান, সময় এবং উদ্দেশ্য জানিয়ে বিজ্ঞপ্তি জারি করবেন।

সভাতে উপস্থিত সদস্যগণ তাঁদের মধ্য থেকে একজন সভাপতি ঠিক করবেন এবং ঐ সভাপতি সভার কাজ পরিচালনা করবেন।

(পরপৃষ্ঠায় দ্রষ্টব্য)

সভাতে কী সিদ্ধান্ত হবে - নৃতন ল্যাম্পসটি গঠন করার উদ্দেশ্য (আদিবাসী জনগণের আর্থসামাজিক উন্নয়ন), সভ্যপদ গ্রহণের এবং ল্যাম্পসের কার্যকরী এলাকা নির্বাচন, সভ্যপদ গ্রহণের জন্য ভর্তি ফি এবং একটি শেয়ারের মূল্য, আদায়ীকৃত অংশগত মূলধন ইত্যাদি বিষয়ের উল্লেখ থাকবে। প্রতিটি সভ্যের কাছ থেকে অন্ততঃ একটি শেয়ার বাবদ ১০.০০ টাকা এবং ফি (যা বাই-ল-তে উল্লেখ করা হবে) আদায় করতে হবে।

প্রস্তাবিত ল্যাম্পস পরিচালনা করার জন্য প্রাথমিক স্তরে নিজেদের মধ্য থেকে ৯ (নয়) জনকে বেছে নিয়ে একটি বোর্ড নিয়োগের জন্য ঐ সভায় প্রস্তাব করবে। ঐ বোর্ডে ১ জন সভাপতি, ১ জন সহ-সভাপতি এবং ১ জন সচিব থাকবেন যাঁরা ল্যাম্পসের নিবন্ধনকরণের দিন থেকে ১৫ মাস পর্যন্ত কার্য পরিচালনা করতে পারবেন। উক্ত ১৫ মাস শেষ হওয়ার আগে বার্ষিক সাধারণ সভা করে ৯ জন সদস্য বিশিষ্ট একটি পরিচালন পর্যবেক্ষণ নির্বাচিত করবেন সাধারণ সদস্যগণ।

আদায়ীকৃত অর্থ (শেয়ার এবং ভর্তি ফি বাবদ) এবং আনুষঙ্গিক খরচপত্র যেমন ফরম, খাতাপত্র খরিদ, রসিদবহি খরিদ প্রভৃতি উল্লেখ করে একটি ক্যাশ এ্যাকাউন্ট প্রস্তাবিত ল্যাম্পস-এর নামে তৈরী করে আবেদন পত্রের সঙ্গে জমা দিতে হবে।

প্রস্তাবিত ল্যাম্পস-এর নামে স্থানীয় জেলা কেন্দ্রীয় সমবায় ব্যাংকে একটি “সেভিংস এ্যাকাউন্ট” খুলতে হবে এবং ঐ বাবদ পাওয়া রসিদ-এর একটি জেরক্স কপি আবেদন পত্রের সঙ্গে পাঠাতে হবে।

উপরোক্ত কাজগুলি হয়ে যাবার পর ঐ অর্গানাইজার/প্রোমোটার ২ প্রস্ত্রে নিম্নলিখিত কাগজপত্রাদি সহ নিবন্ধনের জন্য নিবন্ধকের নিকট জমা দেবেন। প্রতি প্রস্ত্রে নিম্নলিখিত কাগজপত্রাদি থাকবেঃ-

- (১) একটি ফরওয়ার্ডিং চিঠি।
- (২) অর্গানাইজারদের প্রথম সভার রেজুলেশন - ১ কপি।
- (৩) নির্দিষ্ট ফর্মে সভ্যদের তালিকাসহ আবেদনপত্র - ১ কপি।
- (৪) উপবিধি (বাই-ল) - ১ কপি।
- (৫) প্রস্তুত করা ক্যাশ এ্যাকাউন্ট - ১ কপি।
- (৬) ব্যাংকে খোলা সেভিংস আমানতের রসিদ - ১ কপি।
- (৭) আগামী ৩ বছরের জন্য প্রস্তাবিত ব্যবসা/কল্যাণমূলক কাজের পরিকল্পনা - ১ কপি।
- (৮) প্রস্তাবিত ল্যাম্পসের কার্যালয়টি যদি কোন ভাড়া বাড়িতে হয় তবে সেই বাড়ির মালিকের দেওয়া ভাড়ার রসিদের কপি এবং একটি ১০ টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্প কাগজে ভাড়ার চুক্তিপত্রের কপি - ১ কপি।

অথবা

- প্রস্তাবিত ল্যাম্পসের কার্যালয়টি যদি কোন ব্যক্তি তার বাড়িতে বিনা ভাড়ায় স্থাপন করার অনুমতি দেন তবে একটি ১০ টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্প কাগজে বাড়ির মালিকের ‘নো অবজেকশন’ সার্টিফিকেট - ১ কপি।

- (৯) আবেদনকারীগণ প্রস্তাবিত ল্যাম্পসের আওতাভুক্ত এলাকার বাসিন্দা এই মর্মেশ্বাপত্র - ১ কপি।

উপরোক্তভাবে আবেদনপত্র জমা দেওয়ার পর অর্গানাইজার/প্রোমোটার নিবন্ধন কাজের জন্য নিবন্ধকের সঙ্গে যোগাযোগ রক্ষা করে চলবেন।